গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-৩, চট্টগ্রাম
সরকারি কার্যভবন-২ (৩য় তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম
www.taxeszone3ctg.gov.bd

নথি নং- মা.রা.স/আসা/কঅ-৩/২০২৫-২০২৬/ তারিখঃ ০২/১২/২০২৫ খ্রি.

রাজস্ব সভার কার্যবিবরণী

সভা	:	অক্টোবর/২০২৫ মাসের মাসিক রাজস্ব সভা
তারিখ	:	২৬ নভেম্বর, ২০২৫ খ্রি. বুধবার
স্থান	:	সম্মেলন কক্ষ-সম্প্রীতি, কর অঞ্চল-৩, চট্টগ্রাম
অংশগ্রহণকারী	:	কর অঞ্চল-৩, চট্টগ্রামের সকল কর্মকর্তা ও কর পরিদর্শকবৃন্দ
সভাপতি	:	জনাব মোঃ মঞ্জুর আলম কর কমিশনার কর অঞ্চল-৩, চট্টগ্রাম

কর অঞ্চল-৩, চট্টগ্রামের সম্মানিত কর কমিশনার মোঃ মঞ্জুর আলম এর সভাপতিত্বে এ কর অঞ্চলের অতিরিক্ত কর কমিশনার, যুগ্ম কর কমিশনার, উপ কর কমিশনার, সহকারী কর কমিশনার, অতিরিক্ত সহকারী কর কমিশনার ও কর পরিদর্শকবৃন্দের উপস্থিতিতে বিকাল ৩.০০ ঘটিকায় মাসিক রাজস্ব সভা অনুষ্ঠিত হয়। উপ কর কমিশনার, সদর দপ্তর প্রশাসন, সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি এ সময় বিগত ২০/১১/২০২৫খ্রি. তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত আয়কর বিভাগের মাসিক রাজস্ব আহরণ অগ্রগতি ও পর্যালোচনা সভায় কর অঞ্চল-৩, চট্টগ্রামের বকেয়া আয়করের হালনাগাদকরণ এবং আদায়ের বিষয়ে গৃহীত কার্যক্রম গ্রহণে চেয়ারম্যান মহোদয়ের প্রশংসা এবং অন্যান্য সকল কর অঞ্চলকে বকেয়া আয়কর আদায়ের ব্যাপারে কর অঞ্চল-৩, চট্টগ্রামের গৃহীত কার্যক্রম অনুসরণ করতে বলার পরামর্শের বিষয়টি তুলে ধরেন।

সভায় সম্মানিত কর কমিশনার সার্কেল কর্মকর্তা এবং কর পরিদর্শকদের সাথে সভার অলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা করেন এবং রাজস্ব আদায়ের কর্মপরিকল্পনা বিষয়ে গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা প্রদান করেন। এ সময় পরিদর্শী রেঞ্জ কর্মকর্তা, সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শকগণ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রমিক	আলোচ্য বিষয় ও সিদ্ধান্তঃ	দায়িত্বপ্রাপ্ত/বাস্তবায়নকারী কর্মকর্তা
১.	**লক্ষ্যমাত্রা ও আদায় কার্যক্রম সংক্রান্তঃ** ক. ২০২৫-২০২৬ অর্থবছরের অক্টোবর'২৫ মাস পর্যন্ত লক্ষ্যমাত্রা ১০৭৭ কোটি টাকার বিপরীতে আদায় হয়েছে ৯৩৯.৭৯ কোটি টাকা। বিগত অর্থ বছরে এ সময়ে আদায় ছিলো ৭৬৭.৬০ কোটি টাকা। লক্ষ্যমাত্রা আদায়ে প্রবৃদ্ধির হার ২২.৪৩%। প্রবৃদ্ধি অর্জনে সক্ষম সংশ্লিষ্ট সার্কেল কর্মকর্তাগণকে সভায় বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করা হয়। খ. রাজস্ব লক্ষ্যমাত্রা আদায় ও প্রবৃদ্ধি অর্জনে সর্বোচ্চ চেষ্টা অব্যাহত রাখতে হবে। কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক কর আদায় কার্যক্রম বৃদ্ধি করতে হবে এবং এ ক্ষেত্রে সকল কর্মকর্তা ও কর্মচারীর সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।	সকল পরিদর্শী রেঞ্জ, সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শক
২.	**১৪৭ ধারার কার্যক্রম সংক্রান্তঃ** ক. যে সব আয়কর মামলায় কখনো ১৪৭ ধারায় কার্যক্রম গ্রহণ করা হয়নি সে সব মামলা ১৪৭ ধারার কার্যক্রম গ্রহণের অগ্রাধিকার তালিকায় রাখতে হবে। খ. ১৪৭ ধারায় কার্যক্রম গ্রহণের আগের দিন অবশ্যই সংশ্লিষ্ট পরিদর্শী রেঞ্জ কর্মকর্তার সাথে এ বিষয়ে পরামর্শ গ্রহণ করতে হবে। গ. ১৪৭ ধারায় কার্যক্রমের মাধ্যমে সৃষ্ট দাবী আদায়ে জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা অনুসরণ করতে হবে। ঘ. একই বছরে অডিট ও ১৪৭ ধারার কার্যক্রম যেন না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। ঙ. অনুমোদনের মাসেই ধারা ১৪৭ এর সকল রিপোর্ট দাখিল করতে হবে। রিপোর্টে উল্লেখিত কর পরিশোধ না হলে অতি দ্রুত কর নির্ধারণ সম্পন্ন করে দাবী সৃষ্টি ও আদায় করতে হবে।	সকল পরিদর্শী রেঞ্জ, সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শক

৩.	**বকেয়া কর সংক্রান্ত:** ক. বিগত ২০/১১/২০২৫খ্রি. তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত আয়কর বিভাগের মাসিক রাজস্ব আহরণ অগ্রগতি ও পর্যালোচনা সভার নির্দেশনা মোতাবেক ডিসেম্বর ২০২৫ এর মধ্যে নথিজাত মামলাসহ সকল আয়কর নথি ম্যানুয়ালি পরীক্ষাপূর্বক বকেয়া হালনাগাদ সম্পন্ন করতে হবে। খ. ব্যাংক জব্দ করার আগে করদাতা/প্রতিনিধির সাথে ফাইলের আপডেট সম্পর্কে নিশ্চিত হতে হবে। যেমন- ফাইলটি কি আপীল/ট্রাইব্যুনালে আছে কিনা ইত্যাদি বিষয়ে নিশ্চিত হতে হবে। গ. হালনাগাদ হওয়ার পর যে ফাইলগুলো বকেয়ার তালিকায় যুক্ত হয়েছে সেগুলো আদায়ে সবার আগে কাজ করতে হবে। ঘ. ফাইল ট্রান্সফারের সময় প্রতি বছর চেক করে বকেয়ার পরিমাণ নিশ্চিত হয়ে বদলী মেমো প্রস্তুত করতে হবে।	সকল পরিদর্শী রেঞ্জ, সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শক
৪.	**বিবিধ:** ক. টিডিএস মনিটরিং এর জন্য যেখানে কর পরিদর্শক যাবেন সেখানে করদাতার/প্রতিষ্ঠানের সাথে সংযুক্ত ছবি নিয়ে আসতে হবে। খ. সার্কেলের অধিক্ষেত্রাধীন সকল প্রতিষ্ঠানে উৎস কর কর্তন হয়েছে কিনা কর পরিদর্শক দ্বারা তথ্য সংগ্রহ করতে হবে। গ. কর্মস্থলে নিয়মিত উপস্থিতি সংক্রান্ত অফিস আদেশ যথাযথভাবে পরিপালন বা অনুসরণ করার জন্য নির্দেশ দেওয়া হলো।	সকল কর পরিদর্শক

বিগত ২০/১১/২০২৫খ্রি. তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত আয়কর বিভাগের মাসিক রাজস্ব আহরণ অগ্রগতি ও পর্যালোচনা সভায় কর অঞ্চল-৩, চট্টগ্রামের বকেয়া আয়কর আদায়ের বিষয়ে চেয়ারম্যান মহোদয়ের প্রশংসা অর্জন করায় কর কমিশনার মহোদয় এ কর অঞ্চলে কর্মরত সকল কর্মকর্তা কর্মচারীকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি ভবিষ্যতে বকেয়া আয়কর আদায়, কর মামলা নিষ্পত্তি, উৎসে কর কর্তন মনিটরিংসহ অন্যান্য সকল কাজে আরো অধিক মনোযোগী এবং তৎপর হওয়ার জন্য সকল কর্মকর্তা ও কর্মচারীকে নির্দেশনা প্রদান করেন।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল কর্মকর্তার সুস্বাস্থ্য কামনা করে ও সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত-
(মোঃ মঞ্জুর আলম)
কর কমিশনার (চলতি দায়িত্ব)
কর অঞ্চল-৩, চট্টগ্রাম
ফোনঃ ০২৩৩৩৩২৫৮৯৭

নথি নং- মা.রা.স/আসা/কঅ-৩/২০২৫-২০২৬/ ১৪২২ (১-৪) তারিখঃ ০২/১২/২০২৫ খ্রি.

অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। সদস্য (কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, শের-ই বাংলা নগর, ঢাকা।.....সদয় জ্ঞাতার্থে।
২। অতিরিক্ত/যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১/২/৩/৪, কর অঞ্চল-৩, চট্টগ্রাম।
৩। উপ/সহঃ/অতিঃ সহঃ কর কমিশনার, কর অঞ্চল-৩, চট্টগ্রাম।
.... সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে।
৪। অফিস কপি।

০২.১২.২০২৫
(শাহীন আক্তার)
সহকারী কর কমিশনার
সদর দপ্তর: (লিগ্যাল)
কর অঞ্চল-৩, চট্টগ্রাম